



ভিডিও



ছবি



ভিডিও

ভর্তি

ম্যাটস-আইএইচটিতে ৪৬৫১ আসনে ভর্তি, এসএসসি পাসে ৪ বছরের ডিপ্লোমায় হাসপাতালে ক্যারিয়ারে সুযোগ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



চিকিৎসক প্রতীকী ছবি

দেশের সরকারি-বেসরকারি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজিতে (আইএইচটি) চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে শিক্ষার্থী ভর্তিতে আবেদন চলছে। একই সঙ্গে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলে (ম্যাটস) ডিপ্লোমা ইন মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং কোর্সে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তিতে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। ২৩টি আইএইচটিতে ৩ হাজার ৬১৯ জন এবং ১৬টি ম্যাটসে ১ হাজার ৩২টি আসনে শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন। আগামী ৩ জুলাইয়ের মধ্যে [লিংকে](#) প্রবেশ করে আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারবেন।

আবেদনের যোগ্যতা

*২০২০ থেকে ২০২৪ সালের মধ্যে এসএসসি বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে জীববিজ্ঞানসহ জিপিএ ন্যূনতম ২.৫ পেতে হবে।

দরকারি কাগজপত্র

*প্রার্থী 'ও' লেভেল বা বিদেশ থেকে পাস করলে দুই হাজার টাকার পে-অর্ডার জমা দিয়ে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী থেকে নম্বর সমতাকরণ সনদ ও আইডি কোড সংগ্রহ করতে হবে;

*বিভাগীয় প্রার্থীদের পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে আইডি কোড সংগ্রহ করতে হবে।

আবেদন যেভাবে

*ইন্টারনেট ব্রাউজারে প্রবেশ করে লগইন করে IHT/MATS Admission বাটনে ক্লিক করতে হবে;

*এরপর Application Form অংশে ক্লিক করে পরবর্তী অংশে Diploma Course in Institute of Health Technology/Diploma Course in Medical Assistant Training School প্রোগ্রাম সিলেক্ট করে Next বাটনে ক্লিক করতে হবে;

*পরের পেজটিতে Curriculum Selection অংশে National Curriculum (SSC/Equivalent) অথবা GCE (O Level/Equivalent) যেকোনো একটি অপশন সিলেক্ট করে Next বাটনে ক্লিক করে দরকারি সব তথ্য দিতে হবে।

আবেদন ফি

*টেলিটক প্রিপেইড নম্বরের মাধ্যমে কোর্স ফি বাবদ ৭০০ টাকা প্রদান করতে হবে।

ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বণ্টন

ভর্তি পরীক্ষার অংশ নিতে হলে পরীক্ষার্থীকে বাংলা ১৫, ইংরেজি ১৫, গণিত ১৫, পদার্থ ১৫, রসায়ন ১৫, জীববিজ্ঞান ১৫ ও সাধারণ জ্ঞানের বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ অংশে ১০ নম্বরসহ মোট ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা হবে এক ঘণ্টার। ভর্তি পরীক্ষার ফলের সঙ্গে এসএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএর সঙ্গে ২০ গুণ করে মেধাতালিকা তৈরি করা হবে। কোনো মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

ভর্তিবিষয়ক গুরুত্বপূর্ণ তারিখ

*ভর্তিতে আবেদন শুরু: ১১ জুন থেকে

*ভর্তি আবেদনের শেষ দিন: ৩ জুলাই (রাত ১১টা ৫৯ মিনিট)

*ভর্তি পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ৪ জুলাই (রাত ১১টা ৫৯ মিনিট)

*প্রবেশপত্র ডাউনলোড: ২১ থেকে ২৫ জুলাই

*ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ২৬ জুলাই, সকাল ১০টা থেকে বেলা ১১টা।

আবেদন পদ্ধতি, কোনো প্রতিষ্ঠানে কত আসনসহ অন্যান্য তথ্য জানতে [এ ক্লিক](#) করুন।

ভর্তি পরীক্ষার শর্তাবলী, ভর্তিসংক্রান্ত তথ্যাদি, অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য অধিদপ্তরের [ওয়েবসাইট](#) ও [টেলিটকের ওয়েবসাইট](#) হতে জানা যাবে।

অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশনাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে সতর্কতার সঙ্গে আবেদন পূরণ করতে হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো